5 JAN 2017
8 8
সংবাদ

# শিক্ষায় এক টাকা বিনিয়োগে সুফল মিলবে ১৯ গুণ

নিজস্ব বার্তা পরিবেশক

বিনিয়োগ হিসেবে শিক্ষা সবচেয়ে লাভজনক হলেও এ খাতে প্রত্যাশা অনুয়ায়ী বাজেট বরাদ্দ হচ্ছে না। এ খাতে সঠিকভাবে প্রারম্ভিক শিশু বিকাশে এক টাকা বিনিয়োগ করলে তার বিপরীতে ১৯ গুণ সুফল মিলবে। গতকাল রাজধানীর মহাখালীর ব্র্যাক সেন্টারে 'বাংলাদেশের শিক্ষা খাতে নীতিগত অগ্রাধিকার' শীর্ষক সেমিনারে এক গবেষণা প্রতিবেদনে এমন তথ্য প্রকাশ পায়। অনুষ্ঠানে সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নে করণীয় নিয়ে সুপারিশমালা তুলে ধরতে ব্র্যাক ও আন্তর্জাতিক গবেষণা সংস্থা কোপেনহেগেন কনসেনসাস সেন্টার যৌথভাবে এই গবেষণা চালায়।

এতে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ। সভাপতিত্ব করেন ব্র্যাকের শিক্ষা কর্মসূচির পরিচালক ড. শফিকুল ইসলাম। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. অতনু রাব্বানি। প্রতিবেদনে আরও বলা হয়, দেশে প্রাথমিক শিক্ষা খাতে যে পরিমাণ বাজেট বরাদ্দ দেয়া হয় তা পর্যাপ্ত নয়। যা উন্নত শিক্ষা ব্যবস্থা বাস্তবায়নে একটি বড় বাধা।

অনুষ্ঠানে গণশিক্ষামন্ত্রী বলেন, 'নানা সীমাবদ্ধতা সত্ত্বেও আমরা প্রাথমিক শিক্ষাকে আধুনিকায়নের প্রচেষ্টা অব্যাহত রেখেছি। সর্বত্র জবাবদিহিতা বাড়ানো হচ্ছে। শিক্ষকদের আধুনিক প্রশিক্ষণের মাধ্যমে অভিজ্ঞ করে তোলা হচ্ছে। এ খাতে বাজেট আরও বাড়াতে আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি।' মন্ত্রী আরও বলেন, 'বাংলাদেশের শিক্ষা খাতে নীতিগত অগ্রাধিকার দেয়ার বিষয়টিই মুখ্য। একই সঙ্গে সরকার শিশু ও মাধ্যমিক শ্রেণীতে ছাত্রীদের জন্য মনো-সামাজিক উদ্দীপনা প্রদানের বিষয়টিকে প্রাধান্য দিবে।' ড. অতনু রাব্বানি বলেন, শিক্ষা খাতে সঠিকভাবে প্রারম্ভিক শিশু বিকাশে এক টাকা বিনিয়োগ করলে তার বিপরীতে ১৯ গুণ সুফল মিলবে। এছাড়া অল্প শিক্ষিত গার্মেন্ট বা কারখানার শ্রমিকদের প্রশিক্ষিত ও ব্যবস্থাপনায় দক্ষতার জন্য বিনিয়োগ করলে এক টাকার বিপরীতে ৫ দশমিক ৪ টাকার সুফল পাওয়া সম্ভব।

সেমিনারে অন্যান্য বক্তা প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে বেশকিছু চ্যালেঞ্জের কথা উল্লেখ করেন, তার মধ্যে হলো- গুণগত শিক্ষার অভাব, প্রাথমিক পর্যায়ের পর মাধ্যমিক পর্যায়ে ঝরে পড়ার হার বৃদ্ধি, শিশুদের মেধাভিত্তিক ভাগ না করে শিক্ষা দেয়া, শিক্ষা ব্যবস্থাপনায় ত্রুটি, শিক্ষক স্বল্পতা, শিক্ষকদের জবাবদিহিতা কম থাকা ইত্যাদি। সেমিনারে অন্যদের মধ্য বক্তব্য রাখেন ব্র্যাকের অ্যাডভোকেসি ফর সোশ্যাল চেইঞ্জ কর্মসূচির পরিচালক কেএএম মোর্শেদ, ইউনিসেফ এর প্রতিনিধি এডওয়ার্ড বেগবেদার, সেভ দ্য চিলড্রেনের শিক্ষা কর্মসূচির পরিচালক তালাত মাহমুদ, ব্র্যাকের গবেষণা ও মূল্যায়ন বিভাগের পরিচালক প্রফেসর আবদুল বায়েস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষক প্রফেসর ড. এসএম হাফিজুর রহমান প্রমুখ।